

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]  
অফিস আদেশ

\* \*  
১২/৬

নথি নং-০৮.০১.০০০০.৫৫৫.০১.০০২.২০১৭/ ২১০

তারিখ: ১৮/১০/২০২১ খ্রি:।

বিষয়: বিজিএমইএ ও বিকেএমইএ এর সাথে ১৬/০৯/২০২১ খ্রি: তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ১৬/০৯/২০২১ তারিখে বিজিএমইএ এবং বিকেএমইএ এর সাথে রপ্তানি সংশ্লিষ্ট কতিপয় বিষয় নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভার পরিপ্রেক্ষিতে নিম্নের বিষয়াদি পরিপালন করার জন্য বলা হলো:

১। শতভাগ রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠানসমূহের ৩০/০৬/২০২১ পর্যন্ত সংশোধিত ইউডিতে অন্তর্ভুক্ত এক্সেসরিজ নিম্নোক্ত শর্তে রপ্তানি হিসাবে গণ্য হবে:


- সংশোধিত ইউডিতে ব্যাক-টু-ব্যাক এলসির তথ্য থাকতে হবে;
- প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের তথ্য ইউডিতে থাকতে হবে;
- সংগৃহীত কাঁচামালের বিবরণ ইউডিতে থাকতে হবে;
- রপ্তানির স্বপক্ষে শিপিং বিল, Exp, PRC দাখিল করতে হবে।

২। বিজিএমইএ কর্তৃপক্ষ অনলাইনে (online) ইউডি দাখিল (Submit) করলেও বিকেএমইএ Online এ ইউডি দাখিল করতে পারেনি। এমতাবস্থায়, আগামী ০১/০১/২০২২ খ্রি: তারিখ থেকে বিকেএমইএ-কে Online এ ইউডি Submit করার জন্য বলা হলো।

৩। ইউডি-তে পরিমাপ হিসেবে গজ/মিটার উল্লেখ থাকে। অপরদিকে Bangladesh Customs Tariff (BCT) এ Statistical Unit এ কেজি থাকে। এমতাবস্থায়, ইউডিতে মিটার/গজের পাশাপাশি কেজি উল্লেখ করার জন্য বলা হলো।

৪। The Customs Act, 1969 এর Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে, এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

  
(মোঃ শহীয়ার রহমান মন্ডল)  
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)  
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩  
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক :

- ১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
- ৩। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ ভবন, বাড়ি নং-৭/৭ এ, ব্লক নং-এইজ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
- ৪। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামটর, ঢাকা।

